156

দৈনিক জনকণ্ঠ

তারিখ ..2.3. MAY.. 1997 ....
পৃষ্ঠা: 8 কলাম 2 .....

## কুমিল্লা শিক্ষা বোর্ড

# দালালচক্র প্রতারিত করছে অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের

**কুমিল্লা, ২২ মে (নিজস্ব সংবাদদাতা)।**- কুমিল্লা শিক্ষা বোর্ডের অভ্যন্তরে দালালচক্রের হয়রানি ও প্রতারণা বৃদ্ধি পেয়েছে। বোর্ডের এই দালাল চক্রের কাছে সাধারণ শিক্ষক-অভিভাবক ও শিক্ষার্থীরা প্রতিনিয়ত হয়রানি হচ্ছে। দীর্ঘদিন ধরে দালাল চক্র শিক্ষাবোর্ডের বিভিন্ন কাজে সহায়তার আশ্বাস দিয়ে লোকজনকে প্রতারণা করে চলেছে।

শিক্ষাবোর্ডের রেজিস্ট্রেশন, ফরম পূরণ, স্থগিত ফলাফল, প্রবেশপত্র, মার্কশীট, সার্টিফিকেটসহ বিভিন্ন কাজে বোর্ডে বিভিন্ন স্থান থেকে আসা সকলে প্রতারিত হচ্ছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। দালালরা নানা প্রলোভন দেখিয়ে টাকা-পয়সাসহ মূল্যবান কাগজপত্র নিয়ে কেটে পড়ে। এ ব্যাপারে বিভিন্ন সময়ে থানায় জানিয়েও কোন প্রতিকার পাওয়া যায়নি। বোর্ড কর্তৃপক্ষ এ ব্যাপারে বিভিন্ন অভিযোগের ভিত্তিতে জেলার উর্ধতন পুলিশ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য লিখিত পত্র দিয়েছে বলে জানা গেছে।